# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 17-01-2026 Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) দেশের উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে বিভিন্ন প্রান্তের রেল যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় করার লক্ষ্যে একগুচ্ছ দূরপাল্লার ট্রেনের সূচনা ও বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী। দু'দিনের সফরে তিনি এখন পশ্চিমবঙ্গে ।

এছাড়াও প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে চারটি বড় রেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

সড়ক প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ জাতীয় সড়কের ধুপগুড়ি ফালাকাটা অংশের পুনর্র্মিমাণ ও চার লেনে উন্নীতকরণ প্রকল্পেরও শিলান্যাস করেছেন তিনি।

২) নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, পশ্চিমবঙ্গে একটি নির্দিষ্ট কেন্দ্রের নথিভুক্ত ভোটার যত খুশী সাত নম্বর ফর্ম জমা দিতে পারেন।

৩) বিহারে পরিযায়ী শ্রমিককে মারধরের অভিযোগে মুর্শিদাবাদের বেলডাঙা আজও অশান্ত। সড়ক ও রেল অবরোধের জেরে সাধারণ মানুষের চড়ম ভোগান্তি।

৪) মহারাষ্ট্রের পুর নির্বাচনে প্রাপ্ত আসনের নিরিখে প্রথম স্থান অধিকার করেছে বিজেপি।

৫) ছত্তিশগড়ে, বিজাপুর জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে আজ দুই মাওবাদী নিহত হয়েছে।

৬) অনুর্দ্ধ ১৯ একদিনের ক্রিকেট বিশ্বকাপে ভারত এখন বাংলাদেশের মুখোমুখি

ooooooooooooooooooo

দেশের উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে বিভিন্ন প্রান্তের রেল যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় করার লক্ষ্যে একগুচ্ছ দূরপাল্লার ট্রেনের সূচনা ও বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেছেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । দু'দিনের সফরে এখন তিনি পশ্চিমবঙ্গে। অসম সফরও করবেন তিনি। মালদা টাউন স্টেশন থেকে হাওড়া কামাখ্যা রুটে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী। এই ট্রেনটির বিষয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সাংবাদিকদের বিস্তারিতভাবে জানিয়েছেন।

(বাইট – অশ্বিনী বৈষ্ণ)

এরপর একটি জনসভা থেকে তিনি ৩ হাজার ২৫০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল ও সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করছেন তিনি।

আগামীকাল প্রধানমন্ত্রী কামাখ্যা-রোহতক ও ডিব্রুগড়-গোমতীনগরের মধ্যে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনেরও সূচনা করবেন। এই পরিষেবাগুলির ফলে উত্তর পূর্ব ও উত্তর ভারতের মধ্যে রেল যোগাযোগের ব্যবস্থা শক্তিশালী এবং জনসাধারণের ভ্রমণও আরও সুবিধাজনক হবে।

হাওড়া-কামাখ্যা এই রেল যাত্রা, ধর্মীয় ভ্রমণ ও পর্যটন উৎসাহ প্রদান করবে বলে আশা।

এছাড়াও প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে চারটি বড় রেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন যার মধ্যে রয়েছে বালুরঘাট-হিলি নতুন রেললাইন, নিউ জলপাইগুড়ির আধুনিক পণ্যবাহী ট্রেন রক্ষণাবেক্ষণ কেন্দ্র, শিলিগুড়ি লোকোশেডের আধুনিকীকরণ এবং জলপাইগুড়িতে বন্দেভারত ট্রেনের রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ব্যবস্থাপনার উন্নয়ন।

নিউ কোচবিহার থেকে বামনহাট এবং বক্সিরহাট রেললাইনের বৈদ্যুতিকরণও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি। এর পাশাপাশি নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-এসএনভিটি বেঙ্গালুরু এবং আলিপুরদুয়ার-মুম্বই পানভেল অমৃত ভারত এক্সপ্রেস – এই চারটি অমৃতভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রারও সূচনা করেছেন তিনি।

এছাড়াও এলএইচবি কোচযুক্ত রাধিকারপুর এসএনবিটি বেঙ্গালুরু, বালুরঘাট এসএনবিটি বেঙ্গালুরু এই দুটি নতুন এক্সপ্রেস ট্রেন পরিষেবারও উদ্বোধন করেছেন তিনি।

সড়ক প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ জাতীয় সড়কের ধূপগুড়ি ফালাকাটা অংশের পুনর্নির্মাণ ও চার লেনে উন্নীতকরণ প্রকল্পেরও শিলান্যাস করবেন তিনি।

আগামীকাল দুপুর তিনটে নাগাদ প্রধানমন্ত্রী হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

আগামীকালই কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। এছাড়াও বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে।

এদিকে, সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, মালদায় আজকের অনুষ্ঠানে হাওড়া ও গুয়াহাটির মধ্যে প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যে সূচনা হবে তাতে তিনি অত্যন্ত আনন্দিত।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে এসআইআর-এ সাত নম্বর ফর্ম নিয়ে তৃণমূল কংগ্রেস ও বিজেপির অভিযোগ পাল্টা অভিযোগের মধ্যে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে, একটি নির্দিষ্ট কেন্দ্রের নথিভুক্ত ভোটার যত খুশী এই ফর্ম জমা দিতে পারেন। কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, একজনের জমা দেওয়া ফর্মের সীমা সংখ্যা কোথাও নির্দিষ্ট কার নেই। তবে এর সুযোগ নিয়ে কোনো ব্যক্তি যদি পাঁচের বেশি অভিযোগ পত্র জমা দেন, তাহলে ইআরও-রা বিষয়টির বৈধতা খতিয়ে দেখবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে রাজ্যে তোষণের রাজনীতির অভিযোগ করেছে। নতুনদিল্লিতে এক সংবাদ সম্মেলনে দলীয় মুখপাত্র সম্বিত পাত্রর অভিযোগ মুখ্যমন্ত্রী হিংসাত্মক তৎপরতাকে প্রশ্রয় দিচ্ছেন এবং রাজ্যকে বিচ্ছিন্ন করার লক্ষ্যে কাজ করছেন। তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতা অসাংবিধানিক এবং হিংসাত্মক পন্থা অবলম্বন করে বিশেষ নিবিড় সংশোধন SIR অনুশীলন বন্ধ করার চেষ্টা করছেন। বুথ স্তরের কর্মকর্তা BLO উপর চাপ দেওয়া হচ্ছে ফলে তারা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে । ব্লক উন্নয়ন আধিকারিকদেরও আক্রমণ করা হচ্ছে।

( বাইট – সম্বিত পাত্র)

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিহারে পরিযায়ী শ্রমিকের উপর আক্রমণের পরিপ্রেক্ষিতে আজও মুর্শিদাবাদের বেলডাঙায় অশান্ত পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জতীয় সড়ক ও রেল লাইন চলছে অবরোধ। উন্মত্ত জনতার তান্ডবে রেলের সম্পত্তি ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

অভিযোগ বেলডাঙার মহ্যমপুরের এক পরিযায়ী শ্রমিককে বিহারে ব্যাপক মারধর করা হয়। ভেঙে যায় বুকের হাড়। সেই খবর গ্রামে আসতেই বিক্ষুব্ধ গ্রামবাসীরা জড়ো হয়ে শুরু করেন বিক্ষোভ। ওই আহত পরিযায়ী শ্রমিক গ্রামে ফিরলে অ্যাম্বুলেন্স সহ তাকেও অবরোধ স্থলে নিয়ে যাওয়া হয়। পরে চিকিৎসার জন্য মুর্শিদাবাদ মেডিকেল কলেজে ভর্তী করা হয় তাঁকে।

উল্লেখ্য, ঝাড়খন্ডে পরিযায়ী শ্রমিকের মৃত্যুর পর বিহারেও বেলডাঙ্গার শ্রমিক নিগ্রহের অভিযোগ উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

মহারাষ্ট্রের পুর নির্বাচনে প্রাপ্ত আসনের নিরিখে প্রথম স্থান অধিকার করেছে বিজেপি। রাজ্যের বিভিন্ন পুরসভার মোট দু হাজার ৮৬৯টি আসনের মধ্যে বিজেপি জিতেছে এক হাজার ৪২৫টি আসনে। ৩৯৯টি আসন পেয়েছে শিবসেনা। কংগ্রেস জিতেছে ৩২৪টি আসনে। এনসিপি পেয়েছে ১৬৭টি আসন। অন্য দিকে শিবসেনা উদ্ধব ঠাকরে গোষ্ঠী জিতেছে ১৫৫টি আসনে।

বৃহনমুম্বই পুর নিগমের ২২৭টি আসনের মধ্যে বিজেপি ও একনাথ শিন্ডের নেতৃত্বাধীন শিবসেনা জোট ১১৮টি আসনে জয়লাভ করেছে। বিজেপি ৮৯টি ও শিবসেনা ২৯টি আসন পেয়েছে। শিবসেনা উদ্ধব ঠাকরে গোষ্ঠী জিতেছে ৬৫টি আসনে। মহারাষ্ট্র নবনির্মাণ সেনা পেয়েছে ৬টি আসন।

রাজ্যের ২৯ টি পুর নিগমের মধ্যে অধিকাংশেই জয়লাভ করেছে বিজেপি নেতৃত্বাধীন মহাযুতি জোট। এর মধ্যে রয়েছে মুম্বাই, পুণে, পিম্পরি ছিনছোয়ার, কল্যাণ-দোম্বিভালি, নাসিক, থানে এবং নভি মুম্বাই।

oooooooooooooooooooo

ছত্তিশগড়ে, বিজাপুর জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে আজ দুই মাওবাদী নিহত হয়েছে। জেলার উত্তর-পশ্চিমাঞ্চলের জঙ্গলে মাওবাদীদের উপস্থিতি সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য পাওয়ার পর নিরাপত্তা বাহিনীর একটি যৌথ দল সেখানে পাঠানো হয়। তল্লাশি অভিযানের সময় সংঘর্ষের সূত্রপাত। দুপক্ষের মধ্যে গুলি বিনিময় এখন চলছে । এপর্যন্ত ঘটনাস্থল থেকে দুই মাওবাদীর মৃতদেহ পাওয়া গেছে।

ooooooooooooooooooooo

বারানসীর মনিকর্ণিকা ঘাট সংস্কারের সময় কোনও প্রাচীন মূর্তির ক্ষতি হয়নি বলে জানিয়েছে উত্তরপ্রদেশ সরকার। রাজ্যের নগরোন্নয়ন মন্ত্রী একে শর্মা বলেছেন, মনিকর্ণিকা ঘাটে পরিকাঠামো গত বেশকিছু খামতি ছিল। ফলে সমস্যায় পড়ছিলেন সাধারণ মানুষ। সে কারণেই ঘাটটির সংস্কার ও উন্নয়নের কাজে হাত দেওয়া হয়েছে।

প্রাচীন মূর্তি ক্ষতিগ্রস্থ হওয়ার খবরকে ভুয়ো ও ভিত্তিহীন বলে জানিয়েছেন জেলাশাসক সত্যেন্দ্র কুমার।

ooooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর নতুন দিল্লিতে ষষ্ঠ বার্ষিক নিরস্ত্রীকরণ ও আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক ফেলোশিপ প্রোগ্রামে ৩৯ টি দেশের প্রতিনিধিদের সঙ্গে মতামত বিনিময় করেন। সুষমা স্বরাজ ইন্সটিটিউট অফ ফরেন সার্ভিস এই ফেলোশিপ প্রোগ্রামের আয়োজন করে। সমাজ মাধ্যমের একটি বার্তায় জয়শঙ্কর বলেন, বিশ্বে নিরাপত্তা সংক্রান্ত প্রতিকূলতা নিয়ে তিনি তরুণ প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেছেন। সেগুলোর মোকাবিলায় বাস্তববাদী ও সৃজনশীল কূটনীতির উপর জোর দিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooo

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, গণতান্ত্রিক সংস্থা তখনই শক্তিশালী ও প্রাসঙ্গিক হতে পারে যখন তা জনসাধারণের প্রতি দায়বদ্ধ হয়। কাছে স্বচ্ছ হয়। শ্রী বিড়লা গতকাল নতুন দিল্লিতে কমনওয়েলথের অধ্যক্ষ ও প্রিসাইডিং অফিসারদের সম্মেলনে সভাপতিত্ব করেন। বিভিন্ন দেশের সংসদগুলোকে আরও বেশি জনসাধরণের জন্য কার্যকরী করে তোলার লক্ষ্যে এই সম্মেলন বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করেন তিনি। সম্মেলনে অংশগ্রহণকারী সমস্ত প্রতিনিধিদের গঠনমূলক মনোভাবের জন্য প্রশংসা করেন শ্রী বিড়লা।

oooooooooooooooooo

অনুর্দ্ধ ১৯ একদিনের ক্রিকেট বিশ্বকাপে এখন ভারত বাংলাদেশের মুখোমুখি । টসে জিতে বাংলাদেশ ভারতকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবরে ভারত ৬ ওভার ১ বলে ২ উইকেট হারিয়ে ২৬ রান করেছে।

oooooooooooooooooooo

ভারতীয় আবহাওয়া বিভাগ (IMD) আজ উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ডে অতি ঘন কুয়াশা পড়ার পূর্বাভাস দিয়েছে। এছাড়াও, পশ্চিমবঙ্গ, আসাম, সিকিম, মেঘালয়, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, বিহারে ঘন কুয়াশার পূর্বাভাস দেওয়া হয়েছে ।

oooooooooooooooooo

oooooooooooooooooo